গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ

২০২১-২০২২ অর্থ বছরে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন বিষয়ক ৪র্থ সভার কার্যবিবরণী

সভাপতি	মো: আব্দুস সালাম অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
সভার তারিখ	১৫ জুন, ২০২২ খ্রি.
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	২২৬ নং কক্ষ, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
উপস্থিতি	সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা-সংযুক্তি-১ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের বিভিন্ন দিক তুলে ধরার জন্য কমিটির সদস্য সচিব জনাব মোঃ সেলিমুল আজম, অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকাকে আহবান জানান। জনাব মোঃ সেলিমুল আজম ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) তে অন্তর্ভূক্ত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র: নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	খাদ্য অধিদপ্তরের সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েব সাইটে প্রকাশ	১। সিস্টেম এনালিষ্ট, জনাব মঞ্জুর আলম জানান যে, খাদ্য অধিদপ্তরে সিটিজেন চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা হচ্ছে। চলমান মাসের মধ্যে ৪র্থ ত্রৈমাসিক হালনাগাদ সম্পন্ন করে ওয়েব সাইটে আপলোড করা হবে। ২। খাদ্য অধিদপ্তরের সকল বিভাগের আলাদা আলাদা সিটিজেন চার্টার তৈরি করে স্ব স্ব বিভাগের দৃশ্যমান স্থানে টানানোর সিদ্ধান্ত থাকলেও তা এখনো বাস্তবায়ন হয়নি। শুধুমাত্র চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে ব্যানার দিয়ে সিটিজেন চার্টার প্রদর্শন করা হচ্ছে। অন্যান্য সকল বিভাগে সিটিজেন চার্টার প্রণয়নের কাজ চলমান আছে মর্মে আলোচনায় জানা যায়। চলমান জুন/২০২২ মাসের মধ্যে অবশ্যই বাস্তবায়ন করতে হবে।	১। খাদ্য অধিদপ্তরে সিটিজেন চার্টার প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ অব্যাহত রাখতে হবে। বিশেষ করে কোন কর্মকর্তার ডেস্ক পরিবর্তন, মোবাইল নম্বর পরিবর্তন, বদলী/পদায়ন হলে তা সঙ্গে সঙ্গে হালনাগাদ করতে হয়। ২। চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ন্যায় খাদ্য অধিদপ্তরের সকল বিভাগের আলাদা আলাদা সিটিজেন চার্টার তৈরি করে স্ব স্ব বিভাগের দৃশ্যমান স্থানে চলমান জুন/২০২২ মাসের মধ্যে টানিয়ে দিতে হবে।	১। জনাব মঞ্জুর আলম, সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। ২। পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর।

২।	মাঠ পর্যায়ের দপ্তরসমূহের সিটিজেন চার্টার সংশোধন ও হালনাগাদকরণ।	মাঠ পর্যায়ে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের দপ্তরের সিটিজেন চার্টার খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোডকৃত সিটিজেন চার্টার অনুযায়ী সংশোধন ও হালনাগাদকরণ সম্পন্ন হয়েছে মর্মে জানা যায়। এক্ষনে তা ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ ও সংশোধন অব্যাহত রয়েছে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	মাঠ পর্যায়ের দপ্তরসমূহের আপলোডকৃত সিটিজেন চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে সংশোধন ও হালনাগাদকরণ অব্যাহত রাখতে হবে। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ তাদের অধিনস্থ সকল দপ্তরের সিটিজেন চার্টার সংশোধন ও হালনাগাদ করা হয়েছে মর্মে ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ কমিটির আহবায়ক বরাবর প্রতিবেদন প্রেরণ করবেন।	সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও ভারপ্রাপ্ত কর্মকর্তা।
৩।	সেবা প্রদান প্রতিশ্রুতির অগ্রগতি প্রতিবেদন প্রেরণ	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক দপ্তরসমূহ হতে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ৩য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণের বিষয়ে আলোচনা হয়।	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক দপ্তরসমূহ হতে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ৪র্থ ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন আগামী ০১/০৭/২০২২ খ্রি: তারিখের মধ্যে প্রেরণের জন্য পত্র প্রেরণ করতে হবে।	সদস্য সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটি ও সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
৪।	সেবা প্রদান কার্যক্রম পরিদর্শন।	সভায় খাদ্য অধিদপ্তরের প্রত্যেক বিভাগের সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান করা হচ্ছে কি না তা যাচাই করার জন্য বিস্তারিত আলোচনা করা হয়। ইতিমধ্যে খাদ্য অধিদপ্তরের পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ, নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট, সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ, প্রশাসন বিভাগ এবং চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ পরিদর্শন করা হয়েছে। বিভাগ সমূহে সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান করা হচ্ছে মর্মে আলোচনা হয় এবং বিভাগসমূহের সিটিজেন চার্টার স্ব স্ব বিভাগের দৃশ্যমান স্থানের টানিয়ে দেয়ার বিষয়ে আলোচনা হয়।	খাদ্য অধিদপ্তরের সকল বিভাগের সিটিজেন চার্টার স্ব স্ব বিভাগের দৃশ্যমান স্থানের টানিয়ে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিদর্শন টিম সেবা প্রদান প্রতিশ্রুতি
৫।	প্রশিক্ষণ প্রদান	চলতি ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) তে অন্তর্ভূক্ত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর কর্মপরিকল্পনায় ৪টি প্রশিক্ষণের উল্লেখ রয়েছে। খাদ্য অধিদপ্তরের প্রশিক্ষণ বিভাগ ইতোমধ্যে ৪ টি প্রশিক্ষণ সম্পন্ন করেছে মর্মে জানা যায়।	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর কর্মপরিকল্পনায় উল্লিখিত ৪টি প্রশিক্ষণ ইতোমধ্যে সম্পন্ন করায় প্রশিক্ষণ বিভাগকে ধন্যবাদ জ্ঞাপন করা হলো।	১। সদস্য সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটি ২। পরিচালক প্রশিক্ষণ /ইনস্ট্রাক্টর, প্রশিক্ষণ বিভাগ।

৬।	সেবা প্রদান বিষয়ে স্টেক হোল্ডারগনের সাথে অবহিতকরণ সভা আয়োজন।	সেবা প্রদান বিষয়ে স্টেক হোল্ডারগনের সাথে অবহিতকরণ সভা আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কার্যপরিকল্পনায় ২০২১-২০২২ অর্থ বছরে ২টি সভা অনুষ্ঠানের বিষয় উল্লেখ রয়েছে।সেবা প্রদান বিষয়ে স্টেক হোল্ডারগণের সাথে ইতিমধ্যে পউকা বিভাগ এবং নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিটে একটি করে মোট ২ টি সভা অনুষ্ঠিত হয়েছে। অপর সভাটি হবে সংগ্রহ এবং সরবরাহ বন্টন ও বিপণন বিভাগের ঠিকাদার/ সবরাহকারীগনের সমন্বয়ে।	চলমান জুন মাসে অপর সভাটি সংগ্রহ এবং সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ আয়োজন করবেন।	১। সদস্য সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটি ২। পরিচালক, সরবি ও সংগ্রহ বিভাগ।

আর কোন আলোচনা না থাাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: আব্দুস সালাম
অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৬১.১৮.০০৬.২০.২২২

তারিখ: ৮ আষাঢ় ১৪২৯
২২ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর
২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
৩) পরিচালক, প্রশাসন/ সরবি/ চসসা/ হিসাব ও অর্থ/ সংগ্রহ/ পউকা/ প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৪) অতিরিক্ত পরিচালক (চলতি দায়িত্ব), প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর
৫) অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর
৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর
৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)
৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট (সিএমইউ), খাদ্য অধিদপ্তর
৯) উপ-পরিচালক, বেতন, পদোন্নতি ও প্রশিক্ষণ শাখা, খাদ্য অধিদপ্তর
১০) ইন্সট্রাক্টর , প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর
১১) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
১২) প্রশাসনিক কর্মকর্তা, নেজারত শাখা, খাদ্য অধিদপ্তর
১৩) অফিস কপি/মাস্টার নথি, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ

মোঃ সেলিমুল আজম
অতিরিক্ত পরিচালক